দৈনিক ইত্তেফাক

2

তারিখ ...12 JUL 1996...
পৃষ্ঠা ২ কলাম ৬

## শিক্ষা সচিবের সহিত শিক্ষক নেতৃবৃন্দের বৈঠক

গত বুধবার শিক্ষা সচিবের কার্যালয়ে সচিব আবদুল্লাহ হারুন পাশার সহিত বিসিএস সাধারণ শিক্ষা এসোসিয়েশনের কেন্দ্রীয় নেতৃবৃন্দের এক জরুরী বৈঠকে বিভিন্ন সমস্যা ও দাবী-দাওয়া লইয়া আলোচনা হয়। এসোসিয়েশনের সমস্যাবলীর আশু সমাধানের লক্ষ্যে শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করিয়া বলা হয়, অন্যথায় আগামী ১১ই আগষ্ট দেশের সকল সরকারী কলেজ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, শিক্ষা বোর্ডসমূহ, সংশ্লিষ্ট অফিস ও প্রকল্পে কর্মরত শিক্ষক-কর্মকর্তাগণ পূর্ণদিবস প্রতীক কর্মবিরতি পালন করিবেন এবং ঐদিন বেলা ১১টায় দেশের বিভিন্ন জেলা সদরসহ জাতীয় প্রেসক্লাবের সম্মুখে শিক্ষক সমাবেশ হইতে পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হইবে। —প্রেঃ বিঃ